যুগান্তর

তারিখ 2 JUN 2009
পৃষ্ঠা ২১ কলাম ৫

# অনশনরত ফিজিওথেরাপি শিক্ষার্থীদের আজ আগুনে আত্মাহুতির ঘোষণা

যুগান্তর রিপোর্ট

আমরণ অনশনরত ফিজিওথেরাপি শিক্ষার্থীরা আজ আত্মাহুতির ঘোষণা দিয়েছে। দুপুরের পর তারা গায়ে কেরোসিন ঢেলে আগুনে আত্মাহুতি দেবে। সোমবার রাতে এ ব্যাপারে সব প্রস্তুতি সম্পন্ন করেছে তারা। ফিজিওথেরাপি ইনস্টিটিউটকে কলেজে পরিণত এবং চাকরি বাজার সৃষ্টির দাবিতে স্টুডেন্টস ইউনিয়নের ডাকে বিগত ৯ দিন ধরে প্রায় ২শ' শিক্ষার্থী আমরণ অনশন করছে। এটা তাদের তৃতীয় দফায় অনশন। একই দাবিতে এর আগে গত ২৫ নভেম্বর এবং ১৭ জানুয়ারি দু'দফায় অনশন করে। তখন

ঘোষণা : পৃষ্ঠা ২ : কলাম ৩



যুগান্তর

বিভিন্ন দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশনরত বাংলাদেশ কলেজ অব ফিজিওথেরাপির শিক্ষার্থীরা

## ঘোষণা : আত্মাহুতি

(শেষ পৃষ্ঠার পর) সরকারি আশ্বাসে তারা অনশন ভেঙেছিল বলে জানায় অনশনকারীরা।

ইউনিয়নের আহ্বায়ক রাসেল রানা জানিয়েছেন, ৯ দিন ধরে তারা ঝড়-বৃষ্টি, রোদ উপেক্ষা করে কেন্দ্রীয় শহীদ মিনারে অনশন করছেন। কিন্তু সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে কোন ধরনের সাড়া পাচ্ছেন না। এ নিয়ে সরকারের যেন কোন মাথাব্যথাও নেই। তিনি জানান, অনশনের একপর্যায়ে তারা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সচিবালয়ে গিয়ে সাক্ষাতের সুযোগ পেলেও কোন ধরনের আশ্বাস পাননি।